

# Times Today BD

জিএম সিরাজ | রংপুর | 02 April, 2025

কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলার শিবের ডাঙ্গী বাজারে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এতে এগারটি দোকান পুড়ে অসুত ৬০ থেকে ৬৫ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে দাবি ক্ষতিগ্রস্তদের। তবে আগুনে কোনো হতাহতের ঘটনা ঘটেনি।

আজ বুধবার (২ এপ্রিল) সাড়ে ৫ টার দিকে চর রাজিবপুর উপজেলার শিবেরডাঙ্গী বাজারে এ ঘটনা ঘটে।

স্থানীয় বাসিন্দা আব্দুল জলিল জানান, সকালে ফজরের নামাজ পড়ে যাই নামাজ শেষ মসজিদে বাইরে এসে দেখি দাউদাউ করে আগুন চলছে কিছু করার ছিল না। প্রথমে কাঁচামালের দোকানে আগুন লাগে পরে ফায়ার সার্ভিস আসতে আসতে আগুন ছড়িয়ে পড়ে। আগুনের লেলিহান ও বাজারের লোকজনের চিৎকার শুনে স্থানীয়রা ছুটে আসে। কিছু বুঝে উঠার আগেই মুহূর্তের মধ্যে মুদি দোকান, জুতার দোকা, ভুঁষিমালের দোকান, কাঁচামালের গোড়াউনসহ মোট এগারোটা ঘরে আগুন ছড়িয়ে পড়ে।

এসময় ঘরগুলোতে লোকজন না থাকায় কোনো হতাহতের ঘটনা ঘটেনি। পরে স্থানীয় লোকজন আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা করলেও ব্যর্থ হয়। খবর পেয়ে রাজিবপুর এবং রৌমারী ফায়ার স্টেশনের ৩টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আসে। চর রাজিবপুর ফায়ার সার্ভিসের স্টেশন অধিনায়ক আবু হানিফ বলেন, রাজিবপুর ও রৌমারী ফায়ার সার্ভিসের ইউনিট ঘটনাস্থলে পৌঁছে প্রায় দুই ঘণ্টা চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে বিদ্যুতের লাইন থেকে এ আগুনের সূত্রপাত ঘটেছে।

তবে আগুনে আনুমানিক ৬০-৬৫ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে দাবি করেন ব্যবসায়ীরা।

ঘটনাস্থলে রাজিবপুর থানা পুলিশ পরিদর্শন করে

রাজিবপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা ফজলে এলাহী বলেন ইতোমধ্যে জেলা প্রশাসনকে অবগত করেছি। ব্যবসায়ীদের পাশে থাকবে উপজেলা প্রশাসন, তাদের এই ক্ষতি কাটিয়ে উঠার জন্য সার্বিক সহযোগিতা প্রদান করা হবে।

আগুন পুলিশ ফায়ার সার্ভিস